



# নতুন নকশার সন্ধান

১১ সেপ্টেম্বর টুইন টাওয়ার ধ্বংসের পর সেটি পুনর্নির্মাণের জন্য তোড়জোড় শুরু হয়ে গিয়েছে বেশ কিছুদিন ধরেই। সরকারি ও বেসরকারি উভয় পক্ষ থেকেই প্রতিদিন অসংখ্য বিল্ডিং প্ল্যান জমা পড়ছে। বিভিন্ন ওয়েবসাইটের মাধ্যমে পছন্দসই ডিজাইনটি বেছে নিতে আয়োজন করা হয়েছে অনলাইন ডেটিং-এর। সরকারিভাবে মোট ৬টি নির্মাণ নকশা প্রস্তাব করেছে যৌথভাবে লোয়ার ম্যানহাটন ডেভেলপমেন্ট করপোরেশন (LMDC) এবং নিউইয়র্ক-নিউজার্সীর পোর্ট অথরিটি। তবে এই প্ল্যানগুলো নিয়ে মত বিনিময় একটা বিশাল জনসমাবেশে প্রতিবাদের মুখে সরকারি নির্মাণ পরিকল্পনা বেশ কিছুটা পরিবর্তন আনা হয়েছে। অনেকের মতেই যেহেতু টুইনটাওয়ার বিপর্যয়ে মোট মৃতব্যক্তির অর্ধেকই বিভিন্ন দেশের নাগরিক, তাই নতুন WTC -র নকশা প্রতিযোগিতাও আন্তর্জাতিকভাবে হওয়া উচিত। এছাড়া বিরূপ জন মতের কারণে কর্তৃপক্ষ সকল প্রস্তাবিত নকশা ১১ মিলিয়ন স্কোয়ার ফিট অফিস স্পেস রাখার বাধ্যবাধকতাও উঠিয়ে নিয়েছেন।... লিখেছেন ফাহিম হুসাইন


ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের প্রস্তাবিত নতুন ৬টি নকশা—




**মেমোরিয়াল প্লাজা**  
১৮.১ একর দীর্ঘ পাবলিক স্পেস, ৫টি টাওয়ার (সবচেয়ে দীর্ঘ টাওয়ারটি ৭৯ তলা বিশিষ্ট)। বেশ কটি পার্ক, রাস্তা এবং বিনোদন কেন্দ্র থাকবে।



**মেমোরিয়াল স্কয়ার**  
মোট এলাকার আয়তন ২৪.১ একর, ৪টি টাওয়ার (সর্বোচ্চ টাওয়ারটি ৮০ তলা বিশিষ্ট)। পার্ক এবং পাবলিক আর্কেড থাকবে।




**মেমোরিয়াল ট্রায়াঙ্গল**  
১৩.২ একর দীর্ঘ পাবলিক এরিয়া, ৬টি টাওয়ার (সর্বোচ্চ টাওয়ারটি ৮৫ তলা দীর্ঘ)। পাবলিক আর্কেড ও বিনোদনের জায়গা থাকবে।



**মেমোরিয়াল গার্ডেন**  
৬.৮ একর আয়তন বিশিষ্ট পাবলিক স্পেস, ৫টি টাওয়ার (সর্বোচ্চ টাওয়ারটি ৮০ তলা বিশিষ্ট)। মেমোরিয়াল এবং কালচারাল সুবিধা থাকবে।



**মেমোরিয়াল পার্ক**  
মোট আয়তন ১৪.৪ একর, ৫টি টাওয়ার (সবচেয়ে বড় দুটি টাওয়ার ৭২ তলা দীর্ঘ)। ইনডোর গ্যালারি এবং পাবলিক স্কয়ার থাকবে।



**মেমোরিয়াল প্রোমিনেড**  
মোট এলাকা ২৭.৭ একর দীর্ঘ, ৬টি টাওয়ার (৬৩ তলা বিশিষ্ট বড় দুটি টাওয়ার)। ইনডোর গ্যালারি ও বিনোদনের ব্যবস্থা রয়েছে।

বেসরকারিভাবে নতুন ওয়ার্ল্ড ট্রেড সেন্টার-এর অসংখ্য মডেল প্রস্তাব করা হয়েছে। এগুলোর মধ্যে দিয়ে বিশ্বের বিভিন্ন স্থানের ডিজাইনারদের কল্পনা শক্তি এবং টুইনটাওয়ার ট্রাজেডির সঙ্গে তাদের একাত্মতা ঘোষণা মহৎ দিকটিই বফুটে উঠেছে। এমনই কয়েকটি উল্লেখযোগ্য ডিজাইন হলো :

LMDC-র WTC সংক্রান্ত অফিসিয়াল ওয়েব অ্যাড্রেস :  
[www.renewnyc.com/plan/plaza](http://www.renewnyc.com/plan/plaza)  
আনঅফিসিয়াল টুইন টাওয়ার ডিজাইনের কয়েকটি ওয়েবসাইট হলো :  
[www.buildthetowers.org](http://www.buildthetowers.org)  
[www.wtc2002.com](http://www.wtc2002.com)  
[www.architectureweek.com/2002](http://www.architectureweek.com/2002)

